



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

www.brur.ac.bd

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

স্মারক নং- বেরোবি/১ম বর্ষ ভর্তি/২০২৩-২৪/১৩৮১

তারিখ : ০২ অক্টোবর ২০২৪ খ্রি.

GST গুচ্ছভুক্ত স্নাতক (সম্মান) ১ম বর্ষে কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সাক্ষাৎকার বিজ্ঞপ্তি:

GST গুচ্ছভুক্ত ২০২৩-২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী পরিচালিত হবে।

ক্রঃ নং	বিষয়	তারিখ ও বার	সময়	স্থান
০১	মুক্তিযোদ্ধা সন্তান কোটা (FFQ-C) মুক্তিযোদ্ধা নাতি-নাতনি কোটা (FFQ-G) A ইউনিট (কোটাভুক্ত সকল শিক্ষার্থী)	০৭/১০/২০২৪	সকাল: ১০:০০ মিনিট হতে বিকাল ৩:০০ মিনিট	কবি হেয়াত মাহমুদ ভবন অর্থনীতি বিভাগ কক্ষ নং-৩০২ (গ্যালারী)
০২	মুক্তিযোদ্ধা সন্তান কোটা (FFQ-C) মুক্তিযোদ্ধা নাতি-নাতনি কোটা (FFQ-G) B ইউনিট ও C ইউনিট (কোটাভুক্ত সকল শিক্ষার্থী)	০৮/১০/২০২৪	সকাল: ১০:০০ মিনিট হতে বিকাল ৩:০০ মিনিট	কবি হেয়াত মাহমুদ ভবন অর্থনীতি বিভাগ কক্ষ নং-৩০২ (গ্যালারী)
০৩	প্রতিবন্ধী কোটা (PDQ) (কোটাভুক্ত সকল শিক্ষার্থী)	০৭/১০/২০২৪ ও ০৮/১০/২০২৪	সকাল: ১০:০০ মিনিট হতে বিকাল ৩:০০ মিনিট	একাডেমিক ভবন-২ জীব ও ভূবিজ্ঞান অনুষদ GIS Lab
০৪	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা (SEQ) (কোটাভুক্ত সকল শিক্ষার্থী)	০৭/১০/২০২৪ ও ০৮/১০/২০২৪	সকাল: ১০:০০ মিনিট হতে বিকাল ৩:০০ মিনিট	একাডেমিক ভবন-৩ মার্কেটিং বিভাগ কক্ষ নং-২০১
০৫	পোষ্য কোটা (WQ); দলিত কোটা (HQ) (কোটাভুক্ত সকল শিক্ষার্থী)	০৭/১০/২০২৪ ও ০৮/১০/২০২৪	সকাল: ১০:০০ মিনিট হতে বিকাল ৩:০০ মিনিট	একাডেমিক ভবন-২ গণিত বিভাগ কক্ষ নং-২০১ (গ্যালারী)

বিভিন্ন কোটায় সাক্ষাৎকারের সময় নিম্নলিখিত কাগজপত্র সঙ্গে আনতে হবে:

১। গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (কক্ষ পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত) সকল কোটার ক্ষেত্রে প্রযোজ্য।

মুক্তিযোদ্ধা সন্তান কোটা (FFQ-C):

- ২। মুক্তিযোদ্ধার মূল সনদপত্র।
- ৩। মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের মূলকপি (প্রার্থীর পিতা মুক্তিযোদ্ধা হলে পিতার এবং মাতা মুক্তিযোদ্ধা হলে মাতার)।
- ৪। মুক্তিযোদ্ধার হালনাগাদ সমন্বিত তালিকা (যে পৃষ্ঠায় মুক্তিযোদ্ধার নাম ও ক্রমিক নং উল্লেখ আছে) ও সকল গেজেট।
- ৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সম্পর্ক উল্লেখ পূর্বক উত্তরাধিকার সনদপত্রের মূলকপি।
- ৬। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপ্তির প্রমানপত্র (সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রদত্ত)।
- ৭। শিক্ষার্থীর এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল নম্বরপত্র/ফটোকপি।
(উপরোক্ত সকল কাগজপত্রের ১ সেট ফটোকপি সাক্ষাৎকার বোর্ডে জমা দিতে হবে)।

মুক্তিযোদ্ধা নাতি-নাতনি কোটা (FFQ-G)

- ২। মুক্তিযোদ্ধার মূল সনদপত্র।
- ৩। মুক্তিযোদ্ধা দাদা-দাদী হলে শিক্ষার্থীর পিতার জাতীয় পরিচয়পত্রের মূলকপি এবং মুক্তিযোদ্ধা নানা-নানী হলে শিক্ষার্থীর মাতার জাতীয় পরিচয়পত্রের মূলকপি (মাতার জাতীয় পরিচয়পত্রে শিক্ষার্থীর নামের নাম উল্লেখ না থাকলে শিক্ষার্থীর মাতার এসএসসি পাশের মূল সনদ (যদি থাকে))।
- ৪। মুক্তিযোদ্ধার হালনাগাদ সমন্বিত তালিকা (যে পৃষ্ঠায় মুক্তিযোদ্ধার নাম ও ক্রমিক নং উল্লেখ আছে) ও সকল গেজেট।
- ৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সম্পর্ক উল্লেখ পূর্বক উত্তরাধিকার সনদপত্রের মূলকপি।
- ৬। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপ্তির প্রমানপত্র (সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রদত্ত)।
- ৭। শিক্ষার্থীর এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার মূল নম্বরপত্র/ফটোকপি।
(উপরোক্ত সকল কাগজপত্রের ১ সেট ফটোকপি সাক্ষাৎকার বোর্ডে জমা দিতে হবে)।

প্রতিবন্ধী কোটা (PDQ):

- ২। সিভিল সার্জন/সমাজসেবা অফিসার/উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO) কর্তৃক ইস্যুকৃত প্রতিবন্ধীর সনদপত্র।

পোষ্য কোটা (WQ):

- ২। পোষ্য কোটাভুক্ত পরীক্ষার্থীদের ক্ষেত্রে রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আনতে হবে (বিশ্ববিদ্যালয়ে চাকুরীরত পিতা/মাতার অনুকূলে)
- ৩। পিতা/মাতার অফিসিয়াল আই.ডি কার্ড-এর অনুলিপি সঙ্গে আনতে হবে।


ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও দলিত কোটা (SEQ) & (HQ) :

- ২। ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

কোটায় ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.brur.ac.bd এ পাওয়া যাবে এবং যে কোন তথ্যের জন্য ০১৩১৩ ০১৩ ৩০৮; ০১৩১৩

০১৩ ৩০৬ নম্বরে অথবা admission@brur.ac.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,



সদস্য-সচিব

GST গুচ্ছভুক্ত ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি

শিক্ষাবর্ষ : ২০২৩-২৪

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।